দৈনিক সংবাদ

তারিখ 20 SEP 1988
পৃষ্ঠা 7 কলাম 1

055

## মাধ্যমিক স্কুলের ম্যানেজিং কমিটির চেয়ারম্যান পদে মনোনয়ন

সংবাদে প্রকাশ, শিক্ষা কর্তৃপক্ষ মাধ্যমিক স্কুলসমূহের চেয়ারম্যান পদ থেকে উপজেলা চেয়ারম্যানকে অব্যাহতি প্রদানের সুপারিশ করেছেন। সেস্থলে স্থানীয় বিশিষ্ট ব্যক্তিকে মনোনয়ন প্রদানের কথা উল্লেখ করেছেন। উপজেলার মাধ্যমে মাধ্যমিক স্কুলসমূহের প্রস্তাবিত চেয়ারম্যানের নামসমূহ প্রেরণের সুপারিশ অংশটি ব্যতীত সুপারিশটি নিঃসন্দেহে বাস্তবমুখী বলার দাবী রাখে।

শিক্ষা কর্তৃপক্ষ নিম্নে প্রদত্ত প্রস্তাবসমূহ উল্লেখিত সুপারিশে সংযোজন করলে সুপারিশটি আরো কার্যকর ও সুফলদায়ক হবে বলে মনে করি—

(১) সংশ্লিষ্ট এক বা একাধিক স্কুলের ম্যানেজিং কমিটির চেয়ারম্যান পদে নিকটতম উচ্চ মাধ্যমিক কলেজের অধ্যক্ষকে অগ্রাধিকারের ভিত্তিতে স্বাভাবিকভাবে মনোনয়ন প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হোক।

(২) মনোনীত চেয়ারম্যান হিসেবে প্রয়োজনীয় ক্ষেত্রে কলেজের অধ্যক্ষের পক্ষে দায়িত্ব পালনের জন্য উক্ত কলেজের যেকোন অধ্যাপক কিংবা প্রভাষককে ক্ষমতা অর্পণের অধিকার প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হোক।

কিংবা (৩) স্কুলের নিকটতম কলেজের গভর্নিং বডির সম্মানিত ও সৎ সদস্যকে (শিক্ষা প্রতিষ্ঠানের হিতসাধনে সক্ষম, স্কুলের নির্বাচিত কমিটির নিকট গ্রহণযোগ্য) চেয়ারম্যান পদে মনোনয়ন প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হোক।

(৪) স্কুলের চেয়ারম্যান পদে মনোনয়ন প্রদানের নামসমূহ স্ব-স্কুলের নির্বাচিত ম্যানেজিং কমিটির মাধ্যমে সরাসরি প্রেরণ করার ব্যবস্থার গ্রহণ করা হোক।

(৫) প্রত্যেক মাধ্যমিক স্কুলের ম্যানেজিং কমিটিতে নির্বাচিত ম্যানেজিং কমিটির সুপারিশক্রমে একজন মহিলা সদস্যার ব্যবস্থা গ্রহণ করা হোক।

সকিনা চৌধুরী
গ্রাম-রসুলাবাদ, পোঃ দোহাজারী
চট্টগ্রাম।